

## 💵 জানাত-জাহানাম

বিভাগ/অধ্যায়ঃ জাহান্নামের অধিকাংশ অধিবাসী মহিলা রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

## জাহান্নামের অধিকাংশ অধিবাসী মহিলা

যেমন পূর্বেই আলোচিত হয়েছে যে, জাহান্নামীদের মধ্যে মহিলাদের সংখ্যা বেশি। নবী (ﷺ) বলেছেন, "আমি বেহেপ্তের মধ্যে তাকিয়ে দেখলাম, তার অধিকাংশ অধিবাসীই গরীবদের দল। আর দোযখের দিকে তাকিয়ে দেখলাম, তার অধিকাংশ অধিবাসীই মহিলা।" (বুখারী ও মুসলিম)

কুফরী ও শির্ক ছাড়াও এই সংখ্যাগরিষ্ঠতার আরো অন্য কারণ বিশ্লেষণ করা হয়েছে হাদীসে।

একদা নবী (ﷺ) (মহিলাদেরকে সম্বোধন করে) বললেন, "হে মহিলা সকল! তোমরা সাদকাহ-খয়রাত করতে থাক ও অধিকমাত্রায় ইন্তিগফার কর। কারণ আমি তোমাদেরকে জাহান্নামের অধিকাংশ অধিবাসীরূপে দেখলাম।" একজন মহিলা নিবেদন করল, আমাদের অধিকাংশ জাহান্নামী হওয়ার কারণ কী? হে আল্লাহর রসূল! তিনি বললেন, "তোমরা অভিশাপ বেশি কর এবং নিজ স্বামীর অকৃতজ্ঞতা কর। বুদ্ধি ও ধর্মে অপূর্ণ হওয়া সত্ত্বেও বিচক্ষণ ব্যক্তির উপর তোমাদের চাইতে আর কাউকে বেশি প্রভাব খাটাতে দেখিনি।" মহিলাটি আবার নিবেদন করল, 'বুদ্ধি ও ধর্মের ক্ষেত্রে অপূর্ণতা কী? তিনি বললেন, "দু'জন নারীর সাক্ষ্য একটি পুরুষের সাক্ষ্য সমতুল্য। আর (প্রসবোত্তর খুন ও মাসিক আসার) দিনগুলিতে মহিলা নামায পড়া বন্ধ রাখে।" (মুসলিম)।

মহানবী (ﷺ) বলেন, "আমি দেখলাম, জাহান্নামের অধিকাংশ অধিবাসী হল মহিলা।" সাহাবাগণ জিজ্ঞাসা করলেন, তা কী জন্য হে আল্লাহর রসুল? তিনি বললেন, "তাদের কুফরীর জন্য। তারা বললেন, 'আল্লাহর সাথে কুফরী? তিনি বললেন, "(না, তারা স্বামীর কুফরী (অকৃতজ্ঞতা) ও নিমকহারামি করে। তাদের কারো প্রতি যদি সারা জীবন এহসানী কর, অতঃপর সে যদি তোমার নিকট সামান্য ক্রটি লক্ষ্য করে, তাহলে বলে বসে, তোমার নিকট কোন মঙ্গল দেখলাম না আমি!" (বুখারী, মুসলিম)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12231

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন